

# কারাগারে বসেই এসএসসি দিচ্ছেন কুমিল্লা বোর্ডের ৩ পরীক্ষার্থী

প্রতিনিধি, কুমিল্লা

: মঙ্গলবার, ০২ মে ২০২৩



বিভিন্ন মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে বসেই চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা দিচ্ছেন কুমিল্লা শিক্ষাবোর্ডের তিন পরীক্ষার্থী। কারাগারে থেকেই তারা রোববার (৩০ এপ্রিল) বাংলা প্রথম পত্র এবং মঙ্গলবার (২ মে) বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করেন।

তিনজনের মধ্যে একজন কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে, একজন নোয়াখালী জেলা কারাগারে এবং একজন লক্ষ্মীপুর জেলা কারাগারে পরীক্ষা দিচ্ছেন।

কারাগারে বসে পরীক্ষা দেওয়া ওই তিন পরীক্ষার্থী হলেন- কুমিল্লার মেঘনা উপজেলার মানিকারচর সাহেরা লতিফ মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী নুসরাত তাবাসুম মীম, লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলার মাহমুদা বেগম উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী মো. সজিব উদ্দিন এবং নোয়াখালীর সুবর্ণচর উপজেলার চর জবাবার ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী মো. আরাফাত।

মঙ্গলবার (২ মে) কুমিল্লা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর জামাল  
নাসের বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, কারাগারে বন্দী থাকা তিন পরীক্ষার্থীকে আদালতের নির্দেশে  
কারাভ্যন্তরে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। তারা ইতোমধ্যে দুটো  
বিষয়ের ওপর পরীক্ষা দিয়েছেন। কারাবন্দী তিন শিক্ষার্থীর পরীক্ষা  
নেওয়ার জন্য তাদের পরীক্ষাকেন্দ্র থেকে একজন শিক্ষক গার্ডে থাকেন।